



# THE CITY OF NEW YORK

## DEPARTMENT OF HEALTH AND MENTAL HYGIENE

Michael R. Bloomberg  
Mayor

Thomas R. Frieden, M.D., M.P.H.  
Commissioner

nyc.gov/health

তারিখ: \_\_\_\_\_

প্রিয় পিতামাতা বা অভিভাবক:

অনুগ্রহ করে জেনে রাখবেন যে আপনার সন্তানের ক্লাসের এক শিক্ষার্থীর মাথায় উকুন পাওয়া গেছে। উকুন সাধারণত স্কুলবয়েসী ছেলেমেয়েদের মাথায় হয়ে থাকে। মাথায় উকুন হওয়া অপরিচ্ছন্ন থাকার লক্ষণ নয় এবং যে কারও মাথায়ই উকুন হতে পারে। উকুনের মাধ্যমে রোগ ছড়ায় না এবং উকুন কারো স্বাস্থ্য-সংকটের কারণ হয় না।

উকুন একজনের কাছ থেকে আরেকজনের মাথায় সংক্রমিত হয় শারীরিক স্পর্শ বা কাপড় ভাগাভাগির মাধ্যমে। উকুনের কারণে সাধারণতঃ মাথার পেছনে এবং ঘাড়ে কিংবা কানের পেছনে চুলকায়। প্রেসক্রিপশন ছাড়া কিংবা ডাক্তারের প্রেসক্রিপশনে পাওয়া যায়, এমন অনেক কার্যকর উকুনের ক্রিম ও শ্যাম্পু কিনতে পাওয়া যায়।

নিউ ইয়র্ক সিটির স্কুলগুলোতে “উকুনহীনতার নীতি” রয়েছে, যার অর্থ মাথায় বা চুলে উকুন আছে, এমন কোন শিক্ষার্থী উকুনের চিকিৎসা না করা পর্যন্ত স্কুলে আসতে পারবে না। চিকিৎসাসেষে পুনরায় পরীক্ষার পর শিক্ষার্থীর মাথা উকুনমুক্ত হয়েছে বলে নিশ্চিত হলে শিক্ষার্থী স্কুলে ফেরত আসতে পারবে।

আমেরিকান অ্যাকাডেমি অব পিডিয়াট্রিক্স, আমেরিকান পাবলিক হেলথ অ্যাসোসিয়েশন এবং ন্যাশন্যাল অ্যাসোসিয়েশন অব নার্সেস্ আমাদের “উকুনহীনতার নীতি” সমর্থন করে। দেশজুড়ে সকল স্কুল ব্যবস্থায় এ ধরনের নীতি সফলভাবে ব্যবহার হয়ে আসছে।

সন্তান যাতে অন্য শিক্ষার্থীদের সাথে ব্যক্তিগত ব্যবহারের সামগ্রী, যেমন ব্রাশ, চিবুনি অথবা টুপি ভাগাভাগি না করে, সে ব্যাপারে সন্তানকে সতর্ক করে দিতে আপনাদের পরামর্শ দিচ্ছি।

আপনার যদি আরও কোন প্রশ্ন থাকে, অনুগ্রহ করে আপনার ডাক্তারের সাথে কথা বলবেন অথবা স্কুল নার্সের কাছে \_\_\_\_\_ নম্বরে ফোন করবেন।